ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪৫৮

খোয়াই,২৯ অক্টোবর,২০২৫

**খোয়াই জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

আজ জিলা পরিষদের কনফারেন্স হলে খোয়াই জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। স্থায়ী কমিটির সভাপতি রঞ্জিত কুমার সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দত্ত), সহকারি সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস, স্থায়ী কমিটির সদস্যগণ, জিলা পরিষদের সদস্যসচিব উত্তম দাস বৈষ্ণব এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

বৈঠকে জেলা শিক্ষা আধিকারিক জানান, খোয়াই জেলায় আগামী নভেম্বর মাসে রাজ্যভিত্তিক অনুর্দ্ধ ১৭ বয়েজ ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। তিনি জানান, আগামী ১৮ নভেম্বর থেকে জেলাভিত্তিক ইউনিটি মার্চ এবং ৬ নভেম্বর তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে জেলাভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হবে। বৈঠকে জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের প্রতিনিধি জানান, নভেম্বর মাসে ধলাবিল টি গার্ডেনে ভগবান বিরসা মুন্ডার জন্মজয়ন্তী উদযাপন করা হবে এবং খোয়াই ব্লকের গৌরনগর পঞ্চায়েতে মণিপুরী রাস উৎসব অনুষ্ঠিত হবে।

******